

বৃত্তি

যুক্তরাষ্ট্রের বৃত্তি, শেখাতে হবে বাংলা, আইইএলটিএসে ৭ থাকলে করুন আবেদন

প্রথম আলো ডেস্ক

ফুলব্রাইটে অংশগ্রহণকারীরা প্রতি সপ্তাহে ২০ ঘণ্টা ভাষা ক্লাসে সহায়তা করতে পারবেন। প্রতি সেমিস্টারে কমপক্ষে দুটি কোর্স করবেন ছবি: যুক্তরাষ্ট্রের দূতাবাসের সৌজন্যে

আমেরিকার ‘ফুলব্রাইট ফরেন ল্যান্ডস্কেপ টিচিং অ্যাসিস্ট্যান্ট’ (এফএলটিএ) প্রোগ্রামের জন্য আবেদন গ্রহণ চলছে। ২০২৫-২৬ শিক্ষাবর্ষে এফএলটিএ স্কলারশিপের মাধ্যমে দেশটিতে শিক্ষকতার সুযোগ রয়েছে। যুক্তরাষ্ট্রের বিশ্ববিদ্যালয়ে বাংলা ভাষায় শিক্ষকতার সুযোগ দিতেই বৃত্তি। যাঁরা স্কলারশিপের মাধ্যমে যুক্তরাষ্ট্রে শিক্ষকতা করতে চান, সেসব বাংলাদেশি তরুণ-তরুণীর জন্য এটি একটি সুযোগ। বাংলাদেশি যেসব তরুণ শিক্ষকতার পেশায় নিযুক্ত আছেন (আমেরিকার স্টাডিজ, জার্নালিজম অ্যান্ড মিডিয়া, আমেরিকান/ইংরেজি সাহিত্য ও বাংলা ভাষার প্রশিক্ষক), তাঁরা ফুলব্রাইট এফএলটিএ স্কলারশিপের জন্য আবেদন করতে পারবেন।

ঢাকার মার্কিন দূতাবাসের ওয়েবসাইটে প্রকাশিত বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, বাংলাদেশি তরুণ যাঁরা শিক্ষকতা করছেন (আমেরিকার স্টাডিজ, জার্নালিজম অ্যান্ড মিডিয়া, আমেরিকান/ইংরেজি সাহিত্য ও বাংলা ভাষার প্রশিক্ষক) তাঁরা ফুলব্রাইট এফএলটিএ স্কলারশিপের জন্য আবেদন করতে পারবেন। ১৫ জুলাই পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে। মার্কিন পররাষ্ট্র দপ্তরের আর্থিক সহায়তায় ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এডুকেশন (আইআইই) এই প্রোগ্রাম পরিচালনা করে।

২০২৫-২৬ শিক্ষাবর্ষে 'ফুলব্রাইট ফরেন ল্যান্ডস্কেপ টিচিং অ্যাসিস্ট্যান্ট (এফএলটিএ)' শিরোনামে এ শিক্ষা কার্যক্রমের জন্য আবেদন আহ্বান করেছে যুক্তরাষ্ট্র ছবি: যুক্তরাষ্ট্রের দূতাবাসের সৌজন্যে

কারা আবেদন করতে পারবেন

এ বৃত্তির আবেদন করতে হলে কিছু শর্ত পূরণ করতে হবে আগ্রহী প্রার্থীদের—

- * বিশ্ববিদ্যালয় পর্যায়ে সাত বছরের বেশি সময় ধরে ইংরেজি বা সংশ্লিষ্ট বিষয়ে শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে।
- * বাংলাদেশের স্বীকৃত কোনো সরকারি বা বেসরকারি বিশ্ববিদ্যালয় থেকে কমপক্ষে চার বছরের স্নাতক ডিগ্রি থাকতে হবে।
- * ইংরেজিতে পারদর্শী হতে হবে।
- * টোয়েফলে ন্যূনতম ৮০ কিংবা আইইএলটিএসে ন্যূনতম সাত স্কোর থাকতে হবে।
- * আবেদনকারীকে বাংলাদেশি নাগরিক হতে হবে।

ফুলব্রাইট নিয়ে আমেরিকায় পড়ার সুযোগ, টোফেলে ৮০ বা আইইএলটিএসে ৭ স্কোর থাকতে হবে ছবি: ফুলব্রাইট ওয়েবসাইট থেকে নেওয়া

আবেদনের পদ্ধতি

- * অনলাইনে আবেদন ফরম পূরণ করতে হবে।
- * একাডেমিক নম্বরপত্র (স্নাতক ও স্নাতকোত্তর)।
- * তিনজন সুপারিশকারী পৃথকভাবে অনলাইন আবেদন পোর্টালে সরাসরি তিনটি সুপারিশপত্র আপলোড/উপস্থাপন করবেন।
- * একাডেমিক রেকর্ডবিষয়ক তথ্যাদির ফরম (অনলাইন আবেদন সাইটে পাওয়া যাবে)।



সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো